



ঘরে থাকি * সামাজিক দূরত্ব বজায় রাখি *
করোনাভাইরাস সংক্রমণ রোধ করি * জীবন বাঁচাই
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০২.২০.৪৩

তারিখ: ৮ জ্যৈষ্ঠ ১৪২৭

২২ মে ২০২০

বিষয়: করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে জেলা ও উপজেলা প্রশাসনের কাজে সম্পৃক্ত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের তথ্য প্রেরণ।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০২.২০.৫ তারিখ: ১১ এপ্রিল, ২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন জেলা ও উপজেলা পর্যায়ের অফিস ও সরকারি শিক্ষা প্রতিষ্ঠান-এ কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে জেলা ও উপজেলা প্রশাসনের কাজে সম্পৃক্ত থেকে সহযোগিতা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল। উক্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে তাঁর অঞ্চলের যেসকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী করোনা ভাইরাস রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে জেলা ও উপজেলা প্রশাসনের কাজে সম্পৃক্ত থেকে সহযোগিতা প্রদান অব্যাহত রেখেছেন তাদের সমন্বিত তালিকা সংযুক্ত 'নমুনা ছকে' Nikosh Font-এ সফট কপি (MS Excel ফরমেট)-এ dshecorona@gmail.com ই-মেইল যোগে আগামী ৩১ মে, ২০২০ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, কোনও দপ্তর/সরকারি শিক্ষা প্রতিষ্ঠান হতে উল্লিখিত ই-মেইলে সরাসরি কোন তথ্য প্রেরণের প্রয়োজন নাই। আঞ্চলিক পরিচালকগণ সংশ্লিষ্ট অঞ্চলের দপ্তর/সরকারি শিক্ষা প্রতিষ্ঠান হতে তথ্য সংগ্রহপূর্বক একটি সমন্বিত তালিকা প্রস্তুত করবেন। প্রস্তুতকৃত সমন্বিত তালিকাটি আঞ্চলিক পরিচালকগণ নিজ দপ্তরের ই-মেইল হতে উল্লিখিত ই-মেইলে প্রেরণ করবেন।

২২-৫-২০২০

প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
পরিচালক

পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল



Email: dirdshebarisal@gmail.com

স্মারক নং : মাউশি/বরি/২০২০/৬৭

তারিখ: ২৭.০৫.২০২০ খ্রি:

উপর্যুক্ত পত্রের মর্মানুযায়ী দ্রুত ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য রিপোর্টের সফট কপি সংযুক্ত ছকে Nikosh Font (MS Excel ফরমেট)-এ এবং উপজেলা/জেলা প্রশাসন থেকে কাজে নিযুক্তিপত্র ৩০ মে, ২০২০ খ্রি. তারিখের মধ্যে dirdshebarisal@gmail.com ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা গেল।

- ১। অধ্যক্ষ, সরকারি কলেজ (সকল), বরিশাল অঞ্চল।
- ২। জেলা শিক্ষা অফিসার (সকল), বরিশাল অঞ্চল।
- ৩। প্রধান শিক্ষক, সরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল) বরিশাল অঞ্চল।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), বরিশাল অঞ্চল।

২৭.০৫.২০২০
(প্রফেসর মোঃ মোয়াজ্জেম হোসেন-৭৩৭৩)

পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
বরিশাল অঞ্চল, বরিশাল
ফোনঃ ০৪৩১-৬২১৫৩

